










# স্যানিটেশন প্রযুক্তি নির্বাচন সহায়িকা

## আপনার পরিবারের ল্যাট্রিন আপনি বেছে নিন

নিরাপদ মল–মূত্র নিষ্কাশন রোগবালাই কমানোর ক্ষেত্রে, সামাজিক মর্যাদা উন্নতিতে এবং শিশুদের বৃদ্ধির ক্ষেত্রে গুরত্বপূর্ণ ভূমিকা রাখে। আর তাই স্যানিটেশনের যথাযথ কার্যকারিতা ও দীর্ঘস্থায়িত্বের ক্ষেত্রে সঠিক প্রযুক্তি নির্বাচন করা সব সময়ই মূল নির্ধারকের ভূমিকা পালন করে। রীতিগত বা সামাজিক ভাবে অপ্রচলিত কিন্তু প্রযুক্তিগতভাবে বেশ কার্যকর স্যানিটেশন প্রযুক্তি যেমন কমিউনিটিতে প্রত্যাখ্যাত হতে পারে, একই ভাবে জনপ্রিয় স্যানিটেশন প্রযুক্তি যা কৌশলগত বা পরিবেশগতভাবে অকার্যকর, কখনই কাঙ্খিত ফলাফল দিতে পারে না।

এ কারনে, যেকোনো WASH কার্যক্রমের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পরিচ্ছেদ হচ্ছে, আনুষঙ্গিক প্রথাগত ও প্রযুক্তিগত বিষয়সমূহ বিবেচনা করে সঠিক স্যানিটেশন প্রযুক্তি নির্বাচনের ব্যাপারে সহায়তা করা। এ "স্যানিটেশন প্রযুক্তি নির্বাচন সহায়িকা" কর্ম এলাকার লক্ষিত জনগোষ্ঠীকে তাদের পরিবারের জন্য সঠিক ল্যাট্রিন বাছাই করতে সাহায্য করবে। প্রযুক্তি নির্বাচনের আনুষঙ্গিক বিষয়সমূহ নির্ধারণ করতে সরকারি কর্মকর্তা থেকে শুরু করে স্থানীয় স্যানিটেশন সরবরাহকারী ও ব্যবহারকারী পর্যন্ত প্রায় সকল পর্যায়ের স্টেকহোল্ডারদের সাক্ষাতকার নেয়া হয়। এই সহায়িকায় উল্লেখিত তথ্য সমূহ বিভিন্ন স্যানিটেশন প্রযুক্তির খরচ, প্রয়োজনীয় স্থান, উপাদান ও অতিরিক্ত সহায়তা, স্থায়িত্ব ও দৃঢ়তা, রক্ষণাবেক্ষণ ও পিট খালির মেয়াদ এবং পরিবেশগত ও ভৌগলিক উপযোগিতা তুলনা করে পরিবার ভিত্তিক সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

পাশাপাশি, সহায়িকাটির শেষ খন্ডে কিছু সহজ কিন্তু কার্যকরী পিটের লিক বন্ধ করার উপায় উল্লেখ করা হয়েছে, যেগুলো বিদ্যমান ভাঙ্গা ল্যাট্রিন পিটগুলোকে মেরামত করার ক্ষেত্রে সহায়তা করবে। এই সহায়িকাটি সফল হবে যদি এর ব্যাবহারের মাধমে মাঠকর্মীরা এবং সর্বোপরি লক্ষিত জনগোষ্ঠী তাদের পরিবারের জন্য সঠিক ল্যাট্রিন নির্বাচন করার বা বিদ্যমান ল্যাট্রিন উন্নত করার সুচিন্তিত সিদ্ধান্ত নিতে পারে। এর ফলশ্রুতিতে বাংলাদেশের দক্ষিণ–পশ্চিমাঞ্চলে স্বাস্থ্যসম্মত ল্যাটিন ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পাবে এবং পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে।


## References


Ahmed, M. F. and Rahman, M.M. (2000). Water supply & sanitation for rural and low income urban communities. Dhaka: ITN-Bangladesh, Centre for Water Supply and Waste Management, BUET.

Kazi, N.M. (2003) Sanitation Strategies and Technologies Flood-prone and High Water Table Areas of Bangladesh. ITN Research Series 02, Dhaka: ITN-Bangladesh, Centre for Water Supply and Waste Management, BUET.

Al-Muyeed, A., Saeed, T.F., Ahmed, T. (2013) Environmental Sanitation, Wastewater Treatment and Disposal, University Grants Commission of Bangladesh

# পিট ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- খরচ খুবই কম
- অল্প জায়গা লাগে (৩'×৩')
- বর্ষায় ডুবে যায় না এমন জায়গার জন্য উপযোগী
- ওয়াটার সিল দুর্গন্ধ রোধ করে ও মাছিকে বাধা দেয়
- পাশাপাশি দুটি পিট দিয়ে টুইন পিট খুব সহজে তৈরী করা যায়

## বিবেচ্য বিষয়

- পিট খালি করতে হলে উপরের কাঠামো খুলতে হয়
- প্যান ভেঙ্গে গেলে মাছি সরাসরি পিটে প্রবেশ করতে পারে
- পিট তুলনামূলক ছোট তাই দ্রুত পিট ভরে যায়
- বন্যা প্রবণ ও নিচু এলাকাতে পানি দূষণের সম্ভাবনা থাকে
- টুইন পিট এর ক্ষেত্রে উপরের কাঠামো খুলে খালি পিটে স্থাপন করতে হয়

## স্থাপন সংক্রান্ত বিষয়

- দক্ষ রাজমিস্ত্রি ছাড়াও স্থাপন করা যায়
- নিচের কাঠামোতে চারটি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব ও একটি ভেন্ট পাইপ প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ১,৫০০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৩'×৩'**


# পিট ল্যাট্রিন



কাঠামো বসানোর আনুমানিক খরচ: ১,৫০০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৩'×৩'

# অফসেট পিট ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- টুইন পিট ব্যবস্থার তুলনায় কম খরচ
- অল্প জায়গা লাগে (৭'×৩')
- বর্ষায় প্লাবিত হয় না এমন জায়গার জন্য উপযোগী
- পিট ভরে গেলে:
  - উপরের কাঠামো না খুলেই খালি করা যায়
  - একটা নতুন পিট খুলে ল্যাট্রিনের সাথে সংযুক্ত করা যায়

## বিবেচ্য বিষয়

- পিট তুলনামূলক ছোট তাই দ্রুত পিট ভরে যায়
- বন্যা প্রবণ ও নিচু এলাকাতে পানি দূষণের সম্ভাবনা থাকে


## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাইপ, রিং সংযুক্ত করার ক্ষেত্রে দক্ষ রাজমিস্ত্রির প্রয়োজন হতে পারে
- কাঠামোতে পাঁচটি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, একটি সাধারন/প্লেন স্লাব, ৩-৪ ফুট লম্বা ৪” ব্যাসের পি ভি সি পাইপ, একটি ভেন্ট পাইপ এবং পাইপ সংযুক্ত করতে সামান্য কিছু সিমেন্ট প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ১,৯০০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৭'×৩'**


# অফসেট পিট ল্যাট্রিন



কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ১,৯০০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৭'×৩'

# টুইন অফসেট পিট ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- বর্ষায় প্লাবিত হয় না এমন জায়গার জন্য উপযোগী
- একটি পিট ভরে গেলেও অন্য পিটের সংযোগ খুলে দিয়ে ল্যাট্রিন নির্বিঘ্নে ব্যবহার করা যায়
- অন্যান্য ‘একক পিট ব্যবস্থা’ এর তুলনায় দীর্ঘ দিন ব্যবহার করা যায়
- মলমূত্র দীর্ঘ দিন পিটে থাকাতে তা স্বাভাবিকভাবে পচে দূষণের মাত্রা কমে যায় তাই পিট তুলনামূলকভাবে নিরাপদে খালি করা যায়
- পিট খালি করতে উপরের কাঠামো খুলতে হয় না

## বিবেচ্য বিষয়

- তুলনামূলক বড় জায়গা দরকার হয় (৭'×৮')
- খরচ ‘একক পিট অফসেট ব্যবস্থার’ তুলনায় বেশি
- বন্যা প্রবণ ও নিচু এলাকাতে পানি দূষণের সম্ভাবনা থাকে


## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাইপ, রিং সংযুক্ত করা ও পরিদর্শন বক্স বানানোর ক্ষেত্রে দক্ষ রাজমিস্ত্রির প্রয়োজন হতে পারে
- কাঠামোতে নয়টি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, দুইটি সাধারন/প্লেন স্লাব, ৬-৭ ফুট লম্বা ৪” ব্যাসের পি ভি সি পাইপ, দুইটি ভেন্ট পাইপ এবং পাইপ সংযুক্ত করতে ও পরিদর্শন বক্স বানাতে কিছু ইট, বালি, সিমেন্ট প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ৩,৫০০ টাকা**


**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৭'×৮'**

# টুইন অফসেট পিট ল্যাট্রিন



কাঠামো বসানোর আনুমানিক খরচ: ৩,৫০০ টাকা
আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৭'×৮'

# বালি-বেষ্টিত উঁচু ভিটার পিট ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- টুইন পিট ব্যবস্থার চেয়ে কম খরচ
- অল্প জায়গা লাগে (৫' X ৫')
- বালির বেষ্টনী দূষণ কমায়
- উঁচু ভিটার জন্য আশপাশ প্লাবিত হলেও ল্যাট্রিন ব্যবহার করা যায়
- বর্ষায় প্লাবিত হলেও মল বাইরে বের হয় না
- বন্যা প্রবণ ও নিচু এলাকার জন্য উপযোগী

## বিবেচ্য বিষয়

- স্থানীয় ভাবে বালির ব্যবস্থা করা কিছুটা কঠিন হতে পারে
- পিট খালি করতে হলে উপরের কাঠামো খুলতে হয়
- প্যান ভেঙ্গে গেলে মাছি সরাসরি পিটে প্রবেশ করতে পারে
- পিট তুলনামূলক ছোট তাই দ্রুত পিট ভরে যায়


## স্থাপন সংক্রান্ত বিষয়

- ভিটা উঁচু করা ও বালির বেষ্টনী দেয়ার জন্য সাহায্যকারীর প্রয়োজন হতে পারে
- নিচের কাঠামোতে চারটি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, একটি ভেন্ট পাইপ, ৩০ বস্তা বালি ও ভিটা উঁচু করার জন্য মাটির প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ২ ,৩৫০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৫'×৫'**


# বালি-বেষ্টিত উঁচু ভিটার পিট ল্যাট্রিন




কাঠামো বসানোর আনুমানিক খরচ: ২,৩৫০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৫'×৫'

# উঁচু ভিটার অফসেট পিট ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- টুইন পিট ব্যবস্থার তুলনায় কম খরচ
- অল্প জায়গা লাগে (৭'×৫')
- বালির বেষ্টনী দূষণ কমায়
- উঁচু ভিটার জন্য আশপাশ প্লাবিত হলেও ল্যাট্রিন ব্যবহার করা যায় এবং মল উপরে উঠে আসে না
- বন্যার সময় মল পানির সাথে মিশে চারপাশে ছড়ায় না

## বিবেচ্য বিষয়

- পিট তুলনামূলক ছোট তাই দ্রুত পিট ভরে যায়
- ভিটা উঁচু করতে বাড়তি মাটির প্রয়োজন হয়

## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাইপ, রিং সংযুক্ত করার ক্ষেত্রে দক্ষ রাজমিস্ত্রির প্রয়োজন হতে পারে
- কাঠামোতে পাঁচটি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, একটি সাধারন/প্লেন স্লাব, ৩-৪ ফুট লম্বা ৪” ব্যাসের পি ভি সি পাইপ, একটি ভেন্ট পাইপ এবং পাইপ সংযুক্ত করতে সামান্য কিছু সিমেন্ট ও ভিটা উঁচু করতে মাটির প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ২ ,৩৫০ টাকা**
**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৭'×৫'**


# উঁচু ভিটার অফসেট পিট ল্যাট্রিন



কাঠামো বসানোর আনুমানিক খরচ: ২,৩৫০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৭'×৫'

# বালি-বেষ্টিত উঁচু ভিটার অফসেট পিট ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- বালির বেষ্টনী দূষণ কমায়
- উঁচু ভিটার জন্য আশপাশ প্লাবিত হলেও ল্যাট্রিন ব্যবহার করা যায় এবং মল উপরে উঠে আসে না
- বন্যার সময় মল পানির সাথে মিশে চারপাশে ছড়ায় না
- বন্যা প্রবণ ও নিচু এলাকার জন্য উপযোগী
- পিট খালি করতে উপরের কাঠামো খুলতে হয় না

## বিবেচ্য বিষয়

- পিট তুলনামূলক ছোট তাই দ্রুত পিট ভরে যায়
- খরচ কিছুটা বেশি
- স্থানীয় ভাবে বালির ব্যবস্থা করা কিছুটা কঠিন হতে পারে ও ভিটা উঁচু করতে বাড়তি মাটির প্রয়োজন হয়
- তুলনামূলক বড় জায়গা দরকার হয়


## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাইপ, রিং সংযুক্ত করার ক্ষেত্রে দক্ষ রাজমিস্ত্রির প্রয়োজন হতে পারে
- কাঠামোতে পাঁচটি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, একটি সাধারন/প্লেন স্লাব, ৩-৪ ফুট লম্বা ৪” ব্যাসের পি ভি সি পাইপ, একটি ভেন্ট পাইপ এবং পাইপ সংযুক্ত করতে সামান্য কিছু সিমেন্ট ও ভিটা উঁচু করতে মাটির প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচ: ২ ,৮৫০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৯'×৫'**

# বালি-বেষ্টিত উঁচু ভিটার অফসেট পিট ল্যাট্রিন




কাঠামো বসানোর আনুমানিক খরচ: ২,৮৫০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৯'×৫'

# বালি-বেষ্টিত টুইন অফসেট পিট ল্যাট্রিন

## সুবিধাসমূহ

- বর্ষায় প্লাবিত হয় না এমন জায়গার জন্য উপযোগী
- একটি পিট ভরে গেলেও অন্য পিটের সংযোগ খুলে দিয়ে ল্যাট্রিন নির্বিঘ্নে ব্যবহার করা যায়
- অন্যান্য 'একক পিট ব্যবস্থা' এর তুলনায় দীর্ঘ দিন ব্যবহার করা যায়
- মলমূত্র দীর্ঘ দিন পিটে থাকাতে তা স্বাভাবিকভাবে পচে দূষণের মাত্রা কমে যায় তাই পিট তুলনামূলকভাবে নিরাপদে খালি করা যায়
- পিট খালি করতে উপরের কাঠামো খুলতে হয় না; বালির বেষ্টনী দূষণ কমায়



## বিবেচ্য বিষয়

- তুলনামূলক বড় জায়গা দরকার হয়
- খরচ 'একক পিট ব্যবস্থার' তুলনায় বেশি
- বন্যা প্রবণ ও নিচু এলাকাতে পানি দূষণের সম্ভাবনা থাকে
- স্থানীয় ভাবে বালির ব্যবস্থা করা কিছুটা কঠিন হতে পারে


## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাইপ, রিং সংযুক্ত করা ও পরিদর্শন বক্স বানানোর ক্ষেত্রে দক্ষ রাজমিস্ত্রির এবং বালির বেষ্টনী দেয়ার জন্য সাহায্যকারী ও নিবিড় পর্যবেক্ষণ প্রয়োজন হতে পারে
- কাঠামোতে নয়টি রিং, একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, দুইটি সাধারন/প্লেন স্লাব, ৬-৭ ফুট লম্বা ৪" ব্যাসের পি ভি সি পাইপ, দুইটি ভেন্ট পাইপ, ৬০ বস্তা বালি এবং পাইপ সংযুক্ত করতে ও পরিদর্শন বক্স বানাতে কিছু ইট, বালি, সিমেন্ট প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ৪,৭৫০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ১০'×৯'**

# বালি বেষ্টিত টুইন অফসেট পিট ল্যাট্রিন




কাঠামো বসানোর আনুমানিক খরচ: ৪,৭৫০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থান: ১০'×৯'

# সিঁড়ি ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- ঘনঘন বন্যা হয় বা জোয়ারের পানি আসে এমন জায়গার জন্য উপযোগী
- আশপাশ জলমগ্ন হলে বা জোয়ারের পানিতে ডুবে গেলেও ল্যাট্রিন ব্যবহার করা যায় এবং মল উপরে উঠে আসে না
- বন্যার সময় মল পানির সাথে মিশে চারপাশে ছড়ায় না
- জোয়ারের পানির উচ্চতা অনুযায়ী স্থান বুঝে ল্যাট্রিন উঁচু করে বানানো যায়

## বিবেচ্য বিষয়

- মজবুত করে পাটফর্ম/ মাচা তৈরি করা কিছুটা ব্যয়বহুল
- বর্ষা মৌসুমে আশপাশ জলমগ্ন থাকাতে পিট দ্রুত ভরে যেতে পারে
- কোনভাবে উপরের ঢাকনাটি ভেঙ্গে গেলে মল পানির সাথে মিশে চারপাশে ছড়িয়ে যেতে পারে

## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাটফর্ম/ মাচা তৈরি করতে ও পাইপ, রিং সংযুক্ত করতে দক্ষ মিস্ত্রির প্রয়োজন হতে পারে
- কাঠামোতে চারটি রিং, একটি প্লাস্টিক প্যান, একটি এলবো, একটি সাধারন/প্লেন স্লাব, ৭-৮ ফুট লম্বা ৪” ব্যাসের পি ভি সি পাইপ, একটি ভেন্ট পাইপ, পাইপ সংযুক্ত করতে সামান্য কিছু সিমেন্ট এবং মাচা তৈরি করতে প্রয়োজনীয় কাঠ, বাঁশ, পেরেক, গুনা ইত্যাদি প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচ: ১৮,০০০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৬'×৬'**


# সিঁড়ি ল্যাট্রিন



কাঠামো বসানোর আনুমানিক খরচ: ১৮,০০০ টাকা

আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৬'×৬'

# সেপ্টিক ল্যাট্রিন



## সুবিধাসমূহ

- পিট থেকে দূষণের মাত্রা কম
- পিটের ধারণক্ষমতা ইচ্ছামতো কম-বেশি করা যায় তাই যৌথ পরিবার বা বেশি সদস্যের খানার জন্য উপযোগী
- পিটের গভীরতা কম হওয়াতে সহজে খালি করা যায়
- সোক পিট দ্রুত পানি নির্গমনে সহায়তা করে
- পিট খালি করতে উপরের কাঠামো খুলতে হয় না

## বিবেচ্য বিষয়

- তুলনামূলক বেশি জায়গার প্রয়োজন হয়
- খরচ তুলনামূলক বেশি


## স্থাপন সংক্রান্ত বিষয়

- পাইপ, রিং সংযুক্ত করতে দক্ষ রাজমিস্ত্রির প্রয়োজন
- কাঠামোতে আট-দশটি রিং (প্রয়োজন অনুযায়ী), একটি ওয়াটার সিল সংযুক্ত স্লাব, তিনটি সাধারন/প্লেন স্লাব, ৭-৮ ফুট লম্বা ৪” ব্যাসের পি ভি সি পাইপ, একটি ভেন্ট পাইপ, পাইপ সংযুক্ত করতে সামান্য কিছু সিমেন্ট প্রয়োজন হয়

**কাঠামো বসানোর আনুমানিক খরচঃ ৫,০০০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থানঃ ৪'×১৬'**

# সেপ্টিক ল্যাট্রিন





**কাঠামো বসানোর আনুমানিক খরচ: ৫,০০০ টাকা**

**আনুমানিক প্রয়োজনীয় স্থান: ৪'×১৬'**


# পিট থেকে ছিদ্রপথে মল চুয়ানো বন্ধের পদ্ধতি

- উঁচু ভিটির ল্যাট্রিনের ক্ষেত্রে সবসময় পিটের চারপাশ মাটি দিয়ে ঢেকে দিতে হবে
- পিট সর্বোচ্চ দুই থেকে আড়াই ফুট উঁচু করা উচিৎ, এর বেশি করলে ভারসাম্য রক্ষা করা কঠিন হতে পারে
- পিটের চারপাশে মাটি ধরে রাখতে নিচের ব্যবস্থাগুলো নেয়া যেতে পারে




## টিবি তৈরি করা

- পিটের গর্ত থেকে উঠানো মাটি রিঙের চারপাশে টিবির মত স্তুপ করতে হবে। টিবির ঢাল বেশি খাড়া করা উচিৎ না। মাটির ক্ষয় কমাতে চারপাশের ঢালে ঘাস লাগানো যেতে পারে



## ধাপ তৈরি করা


- উপরের পদ্ধতির মতই পিটের গর্ত থেকে উঠানো মাটি রিঙের চারপাশে ধাপ ধাপ করে রাখতে হবে। মাটির ক্ষয় কমাতে চারপাশের ঢালে ঘাস লাগানো যেতে পারে




## সিমেন্টের আস্তরণ দেয়া

- মাটির উপরে সবগুলো রিং এর সংযোগ ও উপরের রিং এর সাথে স্লাবের সংযোগগুলো সিমেন্টের আস্তরণ দিয়ে ঢেকে দেয়া
- বন্যা প্রবণ ও নিচু এলাকার জন্য উপযোগী, বিশেষত যেখানে পর্যাপ্ত মাটির আবরণ দেয়া সম্ভব হয় না ভারসাম্য রক্ষা করতে রিঙের চারপাশ কিছুটা হলেও মাটি দিয়ে ঢেকে দিতে হবে


# পিট থেকে ছিদ্রপথে মল চুয়ানো বন্ধের পদ্ধতি



টিবি তৈরি করা



ধাপ তৈরি করা



সিমেন্টের আস্তরণ দেয়া

# স্যানিটেশন প্রযুক্তি নির্বাচন সহায়িকা

## আপনার পরিবারের ল্যাট্রিন আপনি বেছে নিন

প্রথম প্রকাশ ঃ মে ২০১৪
রচনা ও অংকণ ঃ ওয়াশপ্লাস টিম
বর্ণ বিন্যাস ও অলংকরণ ঃ ক্লেমেন্ট সেরাও
প্রকাশক ঃ ওয়াটারএইড বাংলাদেশ
মুদ্রণ ঃ পিপল্স প্রিন্টিং এন্ড প্যাকেজিং

আমেরিকার জনগণের পক্ষ থেকে

ওয়াটারএইড বাংলাদেশ, বাড়ি ৯৭/বি, রোড ২৫, ব্লক এ, বনানী, ঢাকা ১২১৩, বাংলাদেশ
ফোন: +৮৮০ ২ ৮৮১৫৭৫৭, ৮৮১৮৫২১  ফ্যাক্স: +৮৮০ ২ ৯৮৮২৫৭৭  www.wateraid.org/bangladesh